



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।



নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০৩.০০২.২০১৯/২০৬(২)

তারিখ: ২১/১১/২০১৯ খ্রিঃ।


**বিষয়:** অসত্য ঘোষণায় পণ্য আমদানির মাধ্যমে রাজস্ব ফাঁকির অভিযোগের সত্যতা যাচাই প্রসংগে।

- সূত্রঃ ১। দৈনিক আমাদের কণ্ঠ পত্রিকায় বিগত ৫/১১/২০১৯ খ্রিঃ তারিখে প্রকাশিত প্রতিবেদন।  
২। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.০১১.০৮.০০১.১৯/৯৩৭, তারিখ: ১৭/১১/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, সূত্র (১) এর বরাতে 'ঢাকা কাস্টম হাউস সাত সিএন্ডএফ এর নিয়ন্ত্রণে-মিথ্যা ঘোষণায় পণ্য পাচার সহযোগিতায় তিন ডিসি' শিরোনামে সংবাদ প্রকাশিত হয়। উক্ত সংবাদে অসত্য ঘোষণায় আমদানিকৃত পণ্য খালাস প্রদান, পণ্য আমদানিতে রাজস্ব ফাঁকিতে সহযোগিতা দেয়া, পণ্য খালাসে উৎকোচ গ্রহণ, নির্দিষ্ট সিএন্ডএফ এজেন্টদের পণ্য চালান সরেজমিনে কায়িক পরীক্ষা না করা, ১৭ অক্টোবর, ২০১৯ রাজস্ব ফাঁকি দেয়ার কৌশল বিষয়ে গোপন সভায় মিলিত হওয়াসহ একাধিক বিষয়ে আপনার সংশ্লিষ্টতার বিষয় উল্লেখ রয়েছে। এসকল বিষয়ের সত্যতা উদঘাটনের জন্য সূত্র (২) এর মাধ্যমে গঠিত তদন্ত কমিটির কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে আপনার বক্তব্য পর্যালোচনা করা প্রয়োজন।

- ২। এমতাবস্থায়, প্রকাশিত সংবাদে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ বিষয়ে যথাযথ বক্তব্য আগামী ০৭ (সাত) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: প্রকাশিত প্রতিবেদন ০১ (এক) পাতা।

  
(মোঃ জাহাঙ্গীর আলম)  
দ্বিতীয় সচিব

বিতরণ:

ডেপুটি পরিচালক/ সহকারী পরিচালক  
এয়ারফ্রেইট  
কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি:

১। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।